



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০১৪.২৪.৩৯৩

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩১

২৮ এপ্রিল ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ২২০৪/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক পিটিশনারগণের গত ১২.০২.২০২৪ খ্রি. তারিখের আবেদন নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এ মোকদ্দমার রুলের কপি প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ২২০৪/২০২৪-এর ২৫/০২/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলাধীন নওগাঁ ও তাড়াশ ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত না হওয়া পর্যন্ত সিরাজগঞ্জ জেলা পরিষদের চেয়ারম্যানের শূন্য পদে উপ-নির্বাচন, ২০২৪ স্থগিতের প্রার্থনার্থে জনাব মো. বুলবুল আহম্মদ মিলন গং কর্তৃক রিট পিটিশন নং ২২০৪/২০২৪ রুজু করা হয়েছে। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং জেলা প্রশাসক, সিরাজগঞ্জ-কে ৪নং প্রতিপক্ষসহ মোট ছয় জনকে প্রতিপক্ষ করা হয়েছে। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ তর্কিত বিষয়ে নিম্নোক্ত রুল প্রদান করেন:

“Pending hearing of the Rule, the respondent Nos. 4 and 6 are directed dispose of the representation dated 12.02.2024 filed by the petitioners (Annexure-“H, H-1, H-2 and H-3”) within 03(three) working days from date of receipt of this order.”

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ২২০৪/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক পিটিশনারগণের গত ১২.০২.২০২৪ খ্রি. তারিখের আবেদন নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মোকদ্দমার রুলের কপি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8801/potrojariAttachmentRef/54033/0/2240)

২৮-৪-২০২৪

মোহাম্মদ নাহিদ ইসলাম

উপসচিব

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০১৪.২৪.৩৯৩/১(৬)

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩১

২৮ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব, জেলা পরিষদ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৫) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

৬) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২৮-৪-২০২৪

মোহাম্মদ নাহিদ ইসলাম

উপসচিব